২৭

দৈনিক সৈকত

তারিখ: ০৭/১০/৯৯ খ্রী

পৃ. ১ . ক. ১

# শিক্ষক সমাজই একটি নিরক্ষর জাতিকে উন্নত জাতিতে রূপান্তরিত করতে পারে

## প্রফেসর শফিউল আলম



কক্সবাজার জেলার বরেণ্য শিক্ষাবিদ, বিশিষ্ট সাহিত্যিক ও শিক্ষা মন্ত্রণালয়ের বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) পরিচালক প্রফেসর শফিউল আলম প্রদত্ত সংবর্ধনায় বক্তব্য পেশ করছেন। ছবি- সৈকত।

নিজস্ব প্রতিবেদক ॥ কক্সবাজার জেলার কৃতি সন্তান বরেণ্য শিক্ষাবিদ; বিশিষ্ট সাহিত্যিক ও শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) পরিচালক প্রফেসর শফিউল আলম বলেছেন, শিক্ষকরাই একটি নিরক্ষর জাতিকে উন্নত জাতিতে রূপান্তরিত করতে পারে।

তিনি গতকাল স্থানীয় সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে কক্সবাজার জেলা শিক্ষক সমিতি কর্তৃক তাঁকে প্রদত্ত সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য পেশকালে একথা বলেন (শেষের পৃষ্ঠায় দেখুন)

## শফিউল আলম

(শেষের পৃষ্ঠার পর)

পাল ও মোহাম্মদ আবদুল্লাহ।

প্রফেসর শফিউল আলম আরো বলেন, আসন্ন নতুন শতকের সময়োপযোগী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের উদ্দেশ্যে নতুন জরীপ কার্যক্রম চালানো হবে। সাধারণ শিক্ষকদের ভয় পাওয়ার কোন কারণ নেই। সমস্ত শিক্ষকদের চাকুরীর নিশ্চয়তা প্রদান ও স্কুল গুলোকে আমলাতন্ত্রের লাল ফিতা থেকে বের করার মহৎ উদ্যোগ নিয়ে সরকার এই জরীপের আয়োজন করেছে।

তিনি বলেন, প্রাকৃতিক সম্পদে ভরপুর কক্সবাজার জেলা এখনও শিক্ষা দীক্ষায় দেশের অন্যান্য জেলা থেকে পিছিয়ে রয়েছে।

তিনি জেলার সকল মানুষের মাঝে শিক্ষার আলো পৌছানোর কাজে সর্বাত্মক সহযোগিতা করার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) এ, টি, এম মোস্তফা কামাল বলেন, দেশের শিক্ষা ব্যবস্থায় বিরাজিত সমস্যা সমাধান ও শিক্ষকদের যৌক্তিক দাবীগুলি যথাযথ ভাবে পুরনের জন্যে দেশের শিক্ষা প্রতিষ্ঠান গুলোর জরীপ কাজ শুরু হচ্ছে।

এই জরীপে সহযোগিতা করা প্রতিটি শিক্ষকের নৈতিক দায়িত্ব।